

দাবিতে স্মার্ট কার্ড পাঞ্চ করে ঢুকতে হবে ঢুকতে হবে

সংবাদ অনলাইন রিপোর্ট

: শুক্রবার, ১০ মে ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে আগামী বছর থেকে শিক্ষার্থীদের 'কার্ড পাঞ্চ' করে ঢোকার নিয়ম চালু হবে।

হলে মেয়াদোত্তীর্ণ শিক্ষার্থী ও বহিরাগতদের ঠেকাতে এ ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন উপাচার্য এ এস এম মাকসুদ কামাল।

তিনি বলেছেন, এতে করে বিশ্ববিদ্যালয়ের আবাসন সংকট কমবে। আমাদের নিয়মতি শিক্ষার্থীদের স্মার্ট কার্ড দেওয়া হয়েছে। এই কার্ডে ১৫ রকমের অ্যাপ্লিকেশন রয়েছে। আমাদের শিক্ষকদের হাতেও আগামী এক

মাসের মধ্যে কার্ড পৌঁছে যাবে। আগামী এক মাসের মধ্যে লাইব্রেরিতেও কার্ড পাঞ্চ করে ঢুকতে হবে। মেয়াদোত্তীর্ণ যেসব শিক্ষার্থী লাইব্রেরিতে গিয়ে বিসিএস পড়ে, তারা আর সেখানে ঢুকতে পারবে না।”

বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে শুক্রবার গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের ‘নবীনবরণ ও অগ্রায়ন অনুষ্ঠানে’ যোগ দিয়ে কথা বলছিলেন উপাচার্য।

তিনি বলেন, “এখানকার উন্মুক্ত ও গণতান্ত্রিক পরিবেশে জ্ঞান চর্চা ও সকল সুযোগ-সুবিধার সদ্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আন্তর্জাতিক মানের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে উঠতে হবে। উন্নত দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মানের সাথে সামঞ্জস্য রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের

শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নতুন নতুন উদ্যোগ নেওয়া হয়েছে।”

সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবুল মনসুর আহাম্মদ, বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও ঢাকা-১০ আসনের সংসদ সদস্য চিত্রনায়ক ফেরদৌস আহমেদ উপস্থিত ছিলেন অনুষ্ঠানে।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের নবম, দশম, একাদশ ব্যাচকে বিদায় এবং ১৪, ১৫, ১৬ ও ১৭তম ব্যাচকে একত্রে বরণ করে নেওয়া হয় অনুষ্ঠানে।